

সভার কার্যবিবরণী

স্থানঃ কামারখালী U.P.C ভবন। তারিখঃ ১০/০১/২০২৩ ইং,

সময়ঃ সকাল ১০.০০ ঘটিকা।

সভাপতিঃ জনাব মোঃ রাকিব হোসেন চৌধুরী, ইউপি চেয়ারম্যান।

উপস্থিত সদস্যবৃন্দের নাম

০১. জনাব মমতাজ বেগম	০৭. জনাব মোঃ আছাদুজ্জামান মুন্সী
০২. জনাব জোহরা বেগম	০৮. জনাব মোঃ মতিয়ার রহমান
০৩. জনাব আসমা বেগম	০৯. জনাব মোঃ আশরাফ মোল্যা
০৪. জনাব মোঃ জসীম শেখ	১০. জনাব মোঃ আবুল কালাম আজাদ
০৫. জনাব মোঃ আলমগীর হোসেন	১১. জনাব মোঃ সাজেদুল ইসলাম দুলু
০৬. জনাব মোঃ ছরোয়ার ফকির	১২. জনাব মোঃ নুরুল ইসলাম মোল্যা

অদ্য জনাব মোঃ রাকিব হোসেন চৌধুরী, ইউপি চেয়ারম্যান সাহেবের সভাপতিত্বে জানুয়ারি/২০২৩ মাসের সভার কার্য শুরু করা হইল।

আলোচ্য সূচি-১:

গত সভার কার্যবিবরণী সভায় পাঠ করিয়া শুনানো হইলো এবং কোনো আপত্তি এবং সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদন হইলো।

আলোচ্য সূচি-২:

২০২২-২০২৩ অর্থবছরে ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা তহবিল এর প্রথম কিস্তিতে ৩,৭৪,৮০০/- টাকা এবং ২য় কিস্তিতে এর সমপরিমাণ অর্থ বরাদ্দ পাওয়া যাইবে। প্রতিটি ওয়ার্ড হইতে উন্মুক্ত ওয়ার্ড সভার মাধ্যমে উপস্থিত জনগণ তাদের চাহিদা মোতাবেক স্কিমের তালিকা ইউপি অফিসে জমা দেওয়ার পর যাচাই বাছাই করার জন্য স্ব-স্ব স্ট্যান্ডিং কমিটির নিকট প্রেরণ করা হয়। তারপর উক্ত কমিটি যাচাই বাছাই করিয়া চলতি অর্থ বছরে বাস্তবায়ন যোগ্য স্কিমের তালিকা পুনরায় ইউপি অফিসে জমা দিয়াছে। এখন উক্ত স্কিম গুলি অত্র সভায় অনুমোদন করিয়া চূড়ান্ত অনুমোদনের জন্য ব্লক গ্রান্ড কো-অর্ডিনেশন কমিটিতে (বিজিসি) প্রেরণ করা প্রয়োজন। তখন সভায় বিস্তারিত আলোচনান্তে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে স্ট্যান্ডিং কমিটির সুপারিশ অনুযায়ী যাচাই বাছাই সাপেক্ষে নিম্নলিখিত স্কিমগুলি চূড়ান্ত অনুমোদনের জন্য উপজেলা বিজিসি সভায় প্রেরণের সিদ্ধান্ত গ্রহণ করা হইলো।

২০২২-২০২৩ অর্থবছর

ক্রমিক নং	স্কিমের নাম	ওয়ার্ড নম্বর	আনুমানিক বরাদ্দ	মন্তব্য
০১	গন্ধখালী পশ্চিমপাড়া মসজিদ হইতে ছলেমান মুন্সীর বাড়ীগামী রাস্তা ফ্লাট সোলিং।	০৪	৮০,০০০/-	১ম কিস্তি
০২	কামারখালী ইউনিয়নের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের আসবাবপত্র সরবরাহ।	০৬	১,৪৪,৮০০/-	
০৩	রাজধরপুর শাহাতাবের বাড়ী হইতে চৌধুরী বাড়ী পর্যন্ত রাস্তা ফ্লাট সোলিং।	০৭	৭৫,০০০/-	
০৪	কামারখালী ইউনিয়নের ৪,৫ ও ৬ নং ওয়ার্ডের বিভিন্ন স্থানে নলকূপ স্থাপন।	০৪,০৫,০৬	৭৫,০০০/-	
	মোট:		৩,৭৪,৮০০/-	

আলোচ্য সূচি-৩:

সভায় সভাপতি সাহেব সকলকে জানান যে, কামারখালী ইউনিয়নে বিভিন্ন স্থানে বিভিন্ন ধরনের উন্নয়নমূলক কার্যক্রম চলমান রয়েছে। তখন ০৯ নং ওয়ার্ডের সদস্য জনাব মোঃ নূরুল ইসলাম মোল্যা সভায় জানতে চান যে বর্তমানে ইউনিয়নে কোন ধরনের কার্যক্রম চলমান রয়েছে। তখন সভাপতি সাহেব সভায় জানান যে, ইউপি হইতে সড়ক ও জনপথ পর্যন্ত রাস্তার ফ্ল্যাট সোলিং দ্বারা উন্নয়ন, বালি দ্বারা কদমাজু রাস্তার উন্নয়ন এবং মছলন্দপুর মোল্যা বাড়ীর সড়কে কালভার্টের উভয় পার্শ্বে ইটের খোয়া দ্বারা উন্নয়ন ইত্যাদি। এছাড়াও কামারখালী ইউনিয়নে বিভিন্ন ধরনের কাজ চলমান রয়েছে। তখন বিস্তারিত আলোচনান্তে সভাপতি সাহেব সকলকে কামারখালী ইউনিয়নে বিভিন্ন ধরনের উন্নয়নমূলক কর্মকাণ্ডের কাজের সহযোগিতার আশা ব্যক্ত করেন। উপস্থিত সকল সদস্যগণ এ বিষয়ে একমত পোষন করেন।

আলোচ্য সূচি-৪:

চলতি মাসের আয় ও খরচের বিবরণী সভায় উপস্থাপন করা হইল। ভাউচার পরীক্ষান্তে সঠিক পাওয়া গেল এবং সর্বসম্মতিক্রমে অনুমোদন হইল।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকল সদস্য কে ধন্যবাদ জানিয়ে সভার কার্য শেষ করেন।

সভাপতি

তারিখ: ১০/০১/২০২৩ খ্রি:



(মোঃ রাকিব হোসেন চৌধুরী)

চেয়ারম্যান

১ নং কামারখালী ইউনিয়ন পরিষদ

মধুখালী, ফরিদপুর।

মোবাইল: ০১৭১২-৮৭৭১২৩।